জাতীয় ক্রীড়া পরিষদ
NATIONAL SPORTS COUNCIL-BANGLADESH

# জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন নির্বাচন নীতিমালা-২০১৩



জাতীয় ক্রীড়া পরিষদ, এন.এস.সি টাওয়ার, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।

CamScanner

# জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন নির্বাচন নীতিমালা-২০১৩

## মুখবন্ধ

জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন নীতিমালা ছাড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের কার্যনির্বাহী কমিটির নির্বাচন কার্যক্রম পরিচালনা করতে বিভিন্ন সময়ে নানাবিদ জটিলতা ও আইনগত সমস্যা দেখা দেয়। বিভিন্ন ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের নির্বাচন পরিচালনার অভিজ্ঞতার আলোকে জাতীয় ক্রীড়া পরিষদ আইন ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত)-এর ২০ ও ২২ ধারার ক্ষমতাবলে ১৯৯৭ সালে প্রণীত জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের নির্বাচন নীতিমালা প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন, সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন এবং পরিমার্জিত রূপে হালনাগাদ করে খসড়া প্রণয়নের পর পরিষদের কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপন করা হলে খসড়া নীতিমালার উপর ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের সুস্পষ্ট মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে সকল ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের মতামত গ্রহণ করে উক্ত মতামতের ভিত্তিতে নির্বাচন নীতিমালা-২০১৩ প্রণয়ন করে পরিষদের কার্যনির্বাহী কমিটির ০১/২০১৪ নং সভায় চূড়ান্ত অনুমোদন নেয়া হয়।

আশা করা যায়, প্রণীত নির্বাচন নীতিমালা-২০১৩ দ্বারা জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের কার্যনির্বাহী কমিটির নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করা সম্ভব হবে। ক্রীড়ার উন্নয়নে জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি পাবে এবং খেলাধূলার উন্নয়ন ও প্রসারে উল্লেখযোগ্য অবদান রাখবে।

০৮.৪.২০১৪
(শিবনাথ রায়-যুগ্মসচিব)
সচিব
জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।



CamScanner

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন ঃ**

জাতীয় ক্রীড়া পরিষদ আইন ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত)-এর ২০ ও ২২ ধারার ক্ষমতাবলে ১৯৯৭ সালে প্রণীত জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের নির্বাচন নীতিমালা প্রয়োজনীয় ক্ষেত্রে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন এবং সংশোধন রূপে পুনঃপ্রকাশ করা হলো।

১। এই নীতিমালা জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক স্বীকৃত (Affiliated) ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন-এর কার্যনির্বাহী কমিটির নির্বাচন নীতিমালা-২০১৩ নামে অভিহিত হবে।

২। সংজ্ঞা ঃ

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে-

(ক) 'ফেডারেশন'/'এ্যাসোসিয়েশন' বলতে জাতীয় ক্রীড়া পরিষদের এ্যাফিলিয়েটেড জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন-কে বুঝাবে;

(খ) 'গঠনতন্ত্র' বলতে সংশ্লিষ্ট জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশনের অনুমোদিত গঠনতন্ত্র-কে বুঝাবে;

(গ) 'ভোটার'/'কাউন্সিলর' বলতে ফেডারেশন/এ্যাসোসিয়েশনের গঠনতন্ত্রে উল্লেখিত সাধারণ পরিষদে এ্যাফিলিয়েটেড বিভিন্ন সংগঠনের মনোনীত প্রতিনিধি-কে বুঝাবে;

(ঘ) 'প্রার্থী' বলতে ফেডারেশন/এ্যাসোসিয়েশন গঠনতন্ত্রে উল্লেখিত কার্যনির্বাহী কমিটির নির্বাচনযোগ্য যে কোন পদে মনোনয়ন দাখিলকারী-কে বুঝাবে;

(ঙ) 'মনোনয়ন' ফরম বলতে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক গঠিত নির্বাচন কমিশন-এর প্রণীত মনোনয়ন ফরম-কে বুঝাবে;

(চ) 'তফসিল' বলতে নির্বাচন কমিশন কর্তৃক জারীকৃত নির্বাচনী কার্যক্রম ও সময়সূচী-কে বুঝাবে;

(ছ) 'প্রধান নির্বাচন কমিশনার' বলতে নির্বাচন কমিশনের প্রধান-কে বুঝাবে;

(জ) 'নির্বাচন কমিশনার' বলতে নির্বাচন কমিশনের সদস্য-কে বুঝাবে;

(ঝ) 'রিটার্নিং অফিসার' বলতে নির্বাচন কমিশন কর্তৃক নিয়োগকৃত রিটার্নিং অফিসার-কে বুঝাবে;

(ঞ) 'সহকারী রিটার্নিং অফিসার' বলতে নির্বাচন কমিশন কর্তৃক নিয়োগকৃত সহকারী রিটার্নিং অফিসার-কে বুঝাবে;

(ট) 'প্রিজাইডিং অফিসার' বলতে রিটার্নিং অফিসার কর্তৃক নিয়োগকৃত ভোট গ্রহণ কাজে নিয়োজিত ব্যক্তি-কে বুঝাবে;

(ঠ) 'পোলিং অফিসার' বলতে রিটার্নিং অফিসার কর্তৃক নিয়োগকৃত ভোট গ্রহণ কাজে নিয়োজিত ব্যক্তি-কে বুঝাবে;

৩। **ফেডারেশন/এ্যাসোসিয়েশন কর্তৃক নির্বাচনী আবেদন ও কাউন্সিলর তালিকা প্রেরণ ঃ**

(ক) ফেডারেশন/এ্যাসোসিয়েশন-এর গঠনতন্ত্র মোতাবেক নির্বাচনী সময় শুরু হলে তাদের জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক সর্বশেষ সংশোধিত (যদি থাকে) অনুমোদিত গঠনতন্ত্র মোতাবেক কাউন্সিলর তালিকা জাতীয় ক্রীড়া পরিষদের নিকট প্রেরণ করে নির্বাচন সম্পন্নের জন্য আবেদন করবে;

(খ) জাতীয় ক্রীড়া পরিষদ উক্ত আবেদনের প্রেক্ষিতে নির্বাচন কমিশন গঠন করে সংশ্লিষ্ট ফেডারেশন/এ্যাসোসিয়েশনের কাউন্সিলর তালিকা কমিশনে প্রেরণ করবে;

(গ) নির্বাচন কমিশন সংশ্লিষ্ট ফেডারেশন কর্তৃক প্রেরিত কাউন্সিলর তালিকা জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক সর্বশেষ সংশোধনীসহ (যদি থাকে) অনুমোদিত গঠনতন্ত্র মোতাবেক খসড়া ভোটার তালিকা প্রস্তুত করবেন;

(ঘ) উপ-নির্বাচনের ক্ষেত্রে বিদ্যমান সাধারণ পরিষদের সদস্যগণ ভোটাধিকার পাবেন এবং প্রতিদ্বন্দ্বী প্রার্থী হতে পারবেন।

৪। **নির্বাচন কমিশন গঠন ঃ**

(ক) জাতীয় ক্রীড়া পরিষদের চেয়ারম্যান-এর অনুমোদনক্রমে জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের কার্যনির্বাহী কমিটির নির্বাচন কার্যক্রম সংশ্লিষ্ট ফেডারেশন/এ্যাসোসিয়েশনের গঠনতন্ত্র অনুযায়ী পরিচালনার জন্য পরিষদের পরিচালক ও কর্মকর্তাদের সমন্বয়ে অনধিক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠিত হবে;

(খ) নির্বাচন কমিশন নির্বাচন পরিচালনার জন্য ১ (এক) জন রিটার্নিং অফিসার ও ১ (এক) জন সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ প্রদান করবেন;

(গ) নির্বাচন পরিচালনার কাজে সহায়তা প্রদানের জন্য রিটার্নিং অফিসার প্রয়োজনীয় সংখ্যক প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসারসহ অন্যান্য জনবল নিয়োগ প্রদান করবেন।

৫। **নির্বাচন কমিশন সংশ্লিষ্ট ফেডারেশন/এ্যাসোসিয়েশনের নির্বাচন সংক্রান্ত নিম্নলিখিত প্রক্রিয়া অনুসরণ করবেন এবং প্রয়োজনীয় প্রজ্ঞাপন জারী করবেন ঃ**

(ক) দায়িত্ব প্রাপ্তির পর সংশ্লিষ্ট ফেডারেশন/এ্যাসোসিয়েশনের নির্বাচনী তফসিল জারী করবেন;

(খ) জারীকৃত তফসিলে সর্বনিম্ন ২১ (একুশ) দিন এবং সর্বোচ্চ ৩১ (একত্রিশ) দিন সময়সীমা নির্ধারণ পূর্বক নির্বাচন সম্পন্ন করিবেন;

(গ) জারীকৃত তফসিল অনুযায়ী খসড়া ভোটার তালিকা প্রকাশ করবেন;

(ঘ) খসড়া ভোটার তালিকার উপর আপত্তি গ্রহণ করবেন;

(ঙ) আপত্তির উপর শুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান করবেন (সিদ্ধান্তের স্বপক্ষে যৌক্তিকতা লিপিবদ্ধ করবেন);

(চ) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবেন; চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর বিজ্ঞ আদালতের নির্দেশনা ব্যতীত কোন অবস্থাতেই তাহা সংশোধন/পরিবর্তন করা যাবে না;

(ছ) মনোনয়ন পত্র বাতিলের বিরুদ্ধে আপীলের শুনানী গ্রহণ করবেন এবং সিদ্ধান্ত প্রদান করবেন;

(জ) সম্পূর্ণ গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিত করে ব্যালট পেপার প্রস্তুত করবেন;

(ঝ) প্রয়োজনীয় সংখ্যক ব্যালট বাক্সের ব্যবস্থা করবেন;

(ঞ) নির্বাচনের চূড়ান্ত/সরকারি ফলাফল ঘোষণা করবেন;

(ট) চূড়ান্ত/সরকারি নির্বাচনী ফলাফল ঘোষণার ৬ (ছয়) মাস পর নির্বাচন সংক্রান্ত সকল অপ্রয়োজনীয় কাগজপত্র বিনষ্ট করতে পারবেন;

(ঠ) নীতিমালায় বর্ণিত নীতিসমূহে কোন অপর্যাপ্ততা বা কোন বিষয়ে অনুল্লেখ পরিলক্ষিত হলে নির্বাচন কমিশন সে বিষয়ে তাঁর চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবেন।



CamScanner

৬। কাউন্সিলর এবং প্রার্থী পদের অযোগ্যতা ঃ

(ক) তফসিল ঘোষনার তারিখ হতে তিনি যদি ২৫ (পঁচিশ) বৎসরের নীচে বয়স প্রাপ্ত হন;

(খ) তিনি যদি বাংলাদেশের নাগরিক না হন;

(গ) তিনি যদি বাংলাদেশের নাগরিকত্বসহ দ্বৈত নাগরিকত্ব গ্রহণ করেন;

(ঘ) তিনি যদি কোন সর্বোচ্চ আদালত কর্তৃক ফৌজদারী অপরাধে দন্ডিত হন কিংবা প্রচলিত কোন আইনের নিষেধাজ্ঞাধীন হন; (সাজাপ্রাপ্ত হলে সাজার মেয়াদ উত্তীর্ণের পরবর্তী ৩ (তিন) বৎসর পর্যন্ত তিনি অযোগ্য থাকবেন)

(ঙ) তিনি যদি মানসিকভাবে বিকারগ্রস্থ হন; (দালিলিক প্রমাণ সাপেক্ষে)

(চ) বিভাগীয় ক্রীড়া সংস্থা/জেলা ক্রীড়া সংস্থার মনোনীত প্রতিনিধি/কাউন্সিলর (ভোটার) যদি সংশ্লিষ্ট বিভাগ/জেলা ক্রীড়া সংস্থার সাধারণ পরিষদ/কার্যনির্বাহী পরিষদের সদস্যভূক্ত না হন;

(ছ) সার্ভিসেস সংস্থা ও অন্যান্য প্রতিষ্ঠানের প্রতিনিধি যদি মনোনয়নকারী সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত না হন;

(জ) ক্লাব প্রতিনিধির ক্ষেত্রে তিনি যদি সংশ্লিষ্ট ক্লাবের সাথে নির্বাচনী বছর/মৌসুমসহ নির্বাচন অব্যবহিত পূর্ববর্তী কমপক্ষে ১ (এক) বৎসর সহ সর্বমোট কমপক্ষে ২ (দুই) বছর সাধারণ পরিষদ/কার্যনির্বাহী পরিষদের সদস্য না হন;

(ঝ) তিনি যদি বিদ্যমান/চলতি মেয়াদে ৩(তিন)টির অধিক জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন এর কাউন্সিলর হন;

(ঞ) তিনি যদি নির্বাচন পূর্ব বছর/মৌসুম সহ নির্বাচনী বছর/মৌসুমে নিবন্ধনকৃত কোন চলতি খেলোয়াড় হন; (বিতর্কিত ক্ষেত্রে অবসর গ্রহণের তারিখ দালিলিক প্রমাণ দাখিল করতে হবে)

উক্ত রূপ অযোগ্যতার জন্য ভোটার এবং প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৭। রিটার্নিং অফিসার সকল ফেডারেশন/এ্যাসোসিয়েশনের ক্ষেত্রে নির্বাচন সংক্রান্ত নিম্নলিখিত প্রক্রিয়া অনুসরণ করবেন এবং প্রয়োজনীয় প্রজ্ঞাপন জারী করবেন ঃ

(ক) নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যে জাতীয় ক্রীড়া পরিষদের অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট -এর মাধ্যমে নির্বাচনের মনোনয়ন পত্র গ্রহণ করতে হবে;

(খ) তফসিল অনুযায়ী মনোনয়ন পত্র গ্রহণ করবেন;

(গ) তফসিল অনুযায়ী মনোনয়ন পত্র বাছাই করবেন এবং অযোগ্যতার ক্ষেত্রে মনোনয়ন পত্র বাতিল করবেন;

(ঘ) তফসিল অনুযায়ী প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করবেন;

(ঙ) তফসিল অনুযায়ী প্রার্থীর প্রত্যাহার পত্র গ্রহণ করবেন;

(চ) তফসিল অনুযায়ী প্রার্থীদের নামের চূড়ান্ত তালিকা প্রকাশ করবেন;

(ছ) যদি কোন পদে পদ সংখ্যার চেয়ে অধিক প্রার্থী না থাকে সে ক্ষেত্রে রিটার্নিং অফিসার প্রতিদ্বন্দ্বী প্রার্থী/প্রার্থীগণকে বিনাপ্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত ঘোষণা করবেন;

(জ) প্রাথমিক ফলাফল ঘোষণা করবেন;

(ঝ) নির্বাচন সংক্রান্ত সকল দলিলপত্র সংরক্ষণ করবেন।

৮। মনোনয়নপত্র বাছাই ঃ

রিটার্নিং অফিসার মনোনয়নপত্র বাছাই করবেন এবং নিম্নোক্ত কারণে মনোনয়নপত্র বাতিল বলে ঘোষণা করতে পারবেন ঃ

(ক) যদি প্রার্থী ৬নং অনুচ্ছেদে বর্ণিত মতে অযোগ্য হন;

(খ) যদি প্রার্থীর প্রস্তাবকারী এবং সমর্থনকারী ৬নং অনুচ্ছেদে বর্ণিত মতে অযোগ্য হন;

(গ) যদি প্রার্থীর, প্রস্তাবক ও সমর্থনকারীর ভোটার নম্বর সঠিক না হয়;

(ঘ) যদি মনোনয়নপত্র অসম্পূর্ণ থাকে;

(ঙ) যদি তিনি ভোটাধিকার প্রয়োগের যোগ্যতার আনুপাতিক হারের অধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রস্তাবক ও সমর্থক হন;

প্রতিটি মনোনয়নপত্রের উপর রিটার্নিং অফিসার 'গৃহীত' বা 'বাতিল' লিখে স্বাক্ষর করবেন। বাতিলের ক্ষেত্রে সঠিক কারণ লিপিবদ্ধ করবেন।

৯। মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে আপীল ঃ

রিটার্নিং অফিসার কর্তৃক বাতিলকৃত মনোনয়ন পত্রের বিরুদ্ধে সংক্ষুব্ধ প্রার্থী নির্বাচন কমিশনারের নিকট ১ (এক) কার্যদিবসের মধ্যে আপিল করতে পারবেন। নির্বাচন কমিশনার পরবর্তী কার্যদিবসের মধ্যে আপিল নিস্পত্তি করবেন এবং আপীলের সিদ্ধান্ত প্রদান করবেন।

১০। প্রিজাইডিং অফিসার সকল ফেডারেশন/এ্যাসোসিয়েশনের ক্ষেত্রে নির্বাচন সংক্রান্ত নিম্নলিখিত প্রক্রিয়া অনুসরণ করবেন ঃ

(ক) প্রতিদ্বন্দ্বী প্রার্থী/প্রার্থীর প্রতিনিধিগণের প্রত্যয়নপত্র গ্রহণ করবেন এবং তাদেরকে দৃশ্যমান জায়গায় বসার ব্যবস্থা করবেন;

(খ) ভোট গ্রহণের পূর্বে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রতিনিধিগণের সম্মুখে ব্যালট বাক্সগুলো প্রদর্শন পূর্বক খালি বলে নিশ্চিত করবেন এবং প্রদর্শন শেষে বাক্সগুলো বন্ধ করে সীলগালা করবেন;

(গ) কোন ভোট দাতা ভোট প্রদান কক্ষে উপস্থিত হলে প্রিজাইডিং অফিসার ভোটার তালিকায় তাঁর পরিচিতি সম্পর্কে নিশ্চিত হয়ে ভোট প্রদান করতে দিবেন;

(ঘ) ভোট গ্রহণের নির্ধারিত সময়ের পর কোন ভোটারকে ভোট প্রদান কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। তবে নির্ধারিত সময়ের মধ্যে ভোট প্রদান কক্ষে প্রবেশ করলে তাকে ভোট প্রদান করতে দেয়া হবে;

(ঙ) ভোট গ্রহণ সমাপ্ত হলে প্রিজাইডিং অফিসার ব্যালট বাক্স সীল করা হয়েছে কিনা সে ব্যাপারে নিশ্চিত হবেন। অতঃপর ব্যালট বাক্স উপস্থিত প্রার্থী/প্রতিনিধির সম্মুখে খুলে সমুদয় ব্যালট গণনা করবেন এবং ফলাফল লিপিবদ্ধ করবেন;

(চ) নির্বাচনে সুষ্ঠভাবে ভোট গ্রহণ করা হয়েছে ও সঠিকভাবে গণনা করা হয়েছে মর্মে ফলাফল তালিকায় উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী/প্রার্থীগণের প্রতিনিধিদের স্বাক্ষর গ্রহণ করবেন এবং ফলাফল তালিকাটি প্রাথমিকভাবে ঘোষণার জন্য রিটার্নিং অফিসার এর নিকট হস্তান্তর করবেন;

(ছ) কোন কারণে ভোট গ্রহণ বিঘ্নিত হলে প্রিজাইডিং অফিসার তৎক্ষণাৎ ভোট গ্রহণ বন্ধ করে দিবেন ও রিটার্নিং অফিসারকে অবহিত করবেন।

১১। নির্বাচন ও ভোট গ্রহণ পদ্ধতি ঃ

(ক) গোপন ব্যালটে ভোট গ্রহণ করা হবে;

(খ) নামের আদ্যাক্ষরের ক্রমানুসারে ব্যালট পেপার প্রস্তুত করা হবে;

(গ) প্রার্থীর নামের পাশে নির্ধারিত স্থানে ক্রস (X) অথবা টিক (✓) চিহ্নের মাধ্যমে ভোট প্রদান করতে হবে। ভোট প্রদানের নির্ধারিত ঘর (স্থান)-এর বাহিরে কিংবা দুই প্রার্থীর নামের মধ্যখানে (বর্ডার লাইনে) ক্রস (X) অথবা টিক (✓) চিহ্ন প্রদান করলে উক্ত ভোট বাতিল বলে গণ্য হবে;

(ঘ) প্রতিদ্বন্দ্বী সকল পদে ভোট প্রদান করতে হবে। অন্যথায় ব্যালট পেপারটি বাতিল বলে গণ্য হবে;

(ঙ) শারীরিকভাবে ভোট দানে অক্ষম ভোটার প্রিজাইডিং অফিসারের অনুমোদন সাপেক্ষে পোলিং অফিসারের সহযোগিতায় গোপনীয়তা রক্ষা সাপেক্ষে ভোট প্রদান করতে পারবেন;

(চ) ভোটার ভোট প্রদান কক্ষের বুথে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করতে পারবেন না;

(ছ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রাপ্ত ভোট সমান হলে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রতিনিধিদের সম্মুখে লটারীর মাধ্যমে ফলাফল নির্ধারণ করা হবে;

(জ) যদি কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্বাচন চলাকালীন সময়ে ইন্তেকাল করেন তবে সেক্ষেত্রে উক্ত পদে অন্যান্য প্রার্থীদের মধ্যে প্রতিদ্বন্দ্বীতা সীমাবদ্ধ থাকবে।

১২। রিটার্নিং অফিসার কর্তৃক প্রাথমিক ফলাফল ঘোষণার ৩ (তিন) কার্যদিবস অতিক্রমের সাথে সাথেই নির্বাচন কমিশন প্রজ্ঞাপন আকারে চূড়ান্ত ফলাফল ঘোষণা করবেন।

১৩। অন্তর্বর্তীকালীন ব্যবস্থা ঃ

বিদ্যমান কমিটির সকলকে (সভাপতি ব্যতিত) নির্বাচন কমিশন কর্তৃক তফসিল ঘোষণার সাথে সাথে সভাপতি বরাবরে পদত্যাগপত্র জমা দিতে হবে। নির্বাচনকালীন অর্ন্তবর্তী সময়ে ফেডারেশন/এ্যাসোসিয়েশনের সভাপতি জাতীয় ক্রীড়া পরিষদের পরামর্শ ও নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট ফেডারেশন/এ্যাসোসিয়েশনের দৈনন্দিন দাপ্তরিক কার্যাদি পরিচালনা করবেন;

যে সকল ফেডারেশন/এ্যাসোসিয়েশন-এ সভাপতি পদে নির্বাচনের বিধান রয়েছে এবং বর্তমান সভাপতি নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী হতে ইচ্ছুক হলে নির্বাচন কমিশন কর্তৃক তফসিল ঘোষণার সাথে সাথে তাকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বরাবরে পদত্যাগপত্র জমা দিতে হবে। সভাপতির পদত্যাগের পর জাতীয় ক্রীড়া পরিষদ সংশ্লিষ্ট ফেডারেশন/এ্যাসোসিয়েশনের দৈনন্দিন দাপ্তরিক কার্যাদি সম্পাদনের জন্য অনধিক সাত সদস্য বিশিষ্ট একটি নির্বাচনকালীন অর্ন্তবর্তী কমিটি গঠন করিবে। উক্ত কমিটি নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করবেন।

১৪। ফেডারেশন/এ্যাসোসিয়েশনের নির্বাচন পরিচালনার ব্যয় জাতীয় ক্রীড়া পরিষদ বহন করবে এবং এতদসংশ্লিষ্ট আয় জাতীয় ক্রীড়া পরিষদের রাজস্ব খাতে জমা করতে হবে।

১৫। জাতীয় ক্রীড়া ফেডারেশন/এ্যাসোসিয়েশন নির্বাচন নীতিমালা-২০১৩ এর নীতির সাথে ফেডারেশন/এ্যাসোসিয়েশন সমূহের গঠনতন্ত্রের কোন অনুচ্ছেদ সাংঘর্ষিক হলে এই নীতিই কার্যকর হবে।

১৬। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।



CS CamScanner

……………………. ফেডারেশন/এ্যাসোসিয়েশন নির্বাচন-২০……..

## মনোনয়নপত্র

প্রার্থীর
পাসপোর্ট
সাইজ ছবি

মনোনয়নপত্রের ক্রমিক নং …………..মনোনয়নপত্র দাখিলের ক্রমিক নং…………

---

**(প্রস্তাবকারীর অংশ)**

আমি …………………………………………………………………………………… ভোটার নং ……………
(প্রস্তাবকারীর নাম)

বাংলাদেশ …………………… ফেডারেশন/এ্যাসোসিয়েশন-এর কার্যনির্বাহী কমিটির ………………….পদে নির্বাচনের জন্য প্রার্থীরূপে জনাব/বেগম ……………………………………………………………… ভোটার নং ……………
(প্রার্থীর নাম)

……………………………………………………………………………………………………………
……………………………………………………………………………………………………………
(প্রার্থীর ঠিকানা)

-এর নাম প্রস্তাব করিতেছি।
তারিখ ঃ ……………………

প্রস্তাবকারীর স্বাক্ষর

---

**(সমর্থনকারীর অংশ)**

আমি …………………………………………………………………………………… ভোটার নং ……………
(সমর্থনকারীর নাম)

বাংলাদেশ …………………… ফেডারেশন/এ্যাসোসিয়েশন-এর কার্যনির্বাহী কমিটির ………………….পদে নির্বাচনের জন্য প্রার্থীরূপে জনাব/বেগম ……………………………………………………………… ভোটার নং ……………
(প্রার্থীর নাম)

……………………………………………………………………………………………………………
……………………………………………………………………………………………………………
(প্রার্থীর ঠিকানা)

-এর নাম সমর্থন করিতেছি।
তারিখ ঃ ……………………

সমর্থনকারীর স্বাক্ষর

---

**(প্রার্থীর অংশ)**

আমি …………………………………………………………………………………… ভোটার নং……………
পিতা ……………………………………………………… মাতা ……………………………………………
ঠিকানা ……………………………………………………………………………………………………
……………………………………………………………………………………………………………

এতদ্বারা ঘোষণা করিতেছি যে, আমি উপরোক্ত মনোনয়নে সম্মতি দান করিয়াছি এবং বাংলাদেশ……………… ফেডারেশন/এ্যাসোসিয়েশন -এর কার্যনির্বাহী কমিটির ……………………..পদে প্রার্থী হওয়ার মত যোগ্যতা আমার রহিয়াছে।

তারিখ ঃ ……………………………

প্রার্থীর স্বাক্ষর

বিঃ দ্রঃ ভোটার তালিকায় অন্তর্ভুক্ত একজন প্রস্তাবকারী কিংবা সমর্থনকারী কার্যনির্বাহী কমিটির কোন পদের জন্য উক্ত পদের মোট সংখ্যার চেয়ে বেশী প্রার্থীর প্রস্তাবকারী/সমর্থনকারী হইতে পারিবেন না। এই বিষয়ে ব্যর্থ হইলে নির্ধারিত সংখ্যার অতিরিক্ত আবেদনপত্র দাখিলের ক্রমানুযায়ী মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(রিটার্নিং অফিসার পূরণ করিবেন)

এই মনোনয়নপত্রটি প্রার্থী/প্রস্তাবকারী/সমর্থনকারী/মনোনীত প্রতিনিধি কর্তৃক ................................ তারিখ .............. ঘটিকায় আমার নিকট দাখিল করা হয়।

তারিখ ঃ ..................

রিটার্নিং অফিসারের স্বাক্ষর

---

## মনোনয়নপত্র বাছাই প্রত্যয়ন

আমি নিয়মানুসারে এই মনোনয়নপত্রটি পরীক্ষা ও বাছাই করিয়াছি এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছি ঃ-

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

(প্রত্যাখ্যানের ক্ষেত্রে কারণসমূহ সংক্ষেপে লিপিবদ্ধ করিবেন)

তারিখ ঃ ..................

রিটার্নিং অফিসারের স্বাক্ষর

---

## প্রাপ্তিস্বীকার

মনোনয়নপত্র দাখিলের ক্রমিক নং ..........................

বাংলাদেশ ............................ ফেডারেশন/এ্যাসোসিয়েশন -এর কার্যনির্বাহী কমিটির ........................পদে নির্বাচনের জন্য জনাব/বেগম ..................................................................... এর মনোনয়নপত্র ....................... তারিখ .............. ঘটিকায় গ্রহণ করা হইল।

আগামী ............... খ্রিঃ তারিখ সকাল .........টা হতে ..........টা পর্যন্ত মনোনয়নপত্র বাছাই অনুষ্ঠিত হইবে।

তারিখ ঃ ..................

রিটার্নিং অফিসারের স্বাক্ষর



CamScanner